1 (Sem–5/FYUGP) BEN 42 MJ

**2025**

BENGALI

( Major )

Paper : BEN–0500204

( বিশ শতকের বাংলা সাহিত্যের ইতিহাস )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থটির লেখক কে?

(খ) অন্নদাশঙ্কর রায় রচিত যে কোনো একটি প্রবন্ধগ্রন্থের নাম উল্লেখ করো।

(গ) ‘নাম রেখেছি কোমলগান্ধার’ কাব্যগ্রন্থটি কার লেখা?

(ঘ) ‘দুঃখবাদী কবি’ কাকে বলা হয়?

(ঙ) মনোজ মিত্রর ‘চাক ভাঙা মধু’ নাটকটি প্রথম কবে মঞ্চস্থ হয়েছিল?

(চ) ‘নবান্ন’ নাটকটির রচয়িতা কে?

(ছ) নাট্যকার উৎপল দত্তের জন্মস্থান কোথায় ?

(জ) সমরেশ বসুর 'আদাব' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

২। নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ( যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) মোহিতলাল মজুমদারের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? এই কাব্যগ্রন্থে কবি কাকে শ্রদ্ধার্ঘ নিবেদন করেছিলেন ?

(খ) জীবনানন্দ দাশের প্রথম ও দ্বিতীয় প্রকাশিত কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ? গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয় ?

(ঘ) বুদ্ধদেব বসুর নিজের জীবনভিত্তিক রচিত দুটি প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

(ঙ) শক্তি চট্টোপাধ্যায় বা সুনীল গঙ্গোপাধ্যায় রচিত যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

(চ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।

(ছ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা প্রথম প্রকাশিত গল্প কোনটি ? এটি কোন্ পত্রিকায় প্রকাশ পেয়েছিল ?

(জ) আশাপূর্ণা দেবীর বিখ্যাত ত্রয়ী উপন্যাসের মধ্যে যে কোনো দুটির নাম লেখো।





(ঝ) 'ছেঁড়াতার' নাটকটি কার লেখা ? এটি কোন্ নাট্যসংস্থা প্রথমে মঞ্চস্থ করেছিলেন ?

(ঞ) উৎপল দত্ত রচিত যে কোনো দুটি নাটকের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) প্রাবন্ধিক প্রমথ চৌধুরীর পরিচয় সংক্ষেপে লেখো।

(খ) স্বামী বিবেকানন্দ রচিত বাংলা প্রবন্ধগ্রন্থের পরিচয় দাও।

(গ) 'মানসী' থেকে 'চৈতালি' কাব্যগ্রন্থ পর্যন্ত রবীন্দ্র-কাব্যধারার একটি সংক্ষিপ্ত পরিক্রমা করো।

(ঘ) ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের ঐতিহাসিক নাট্যসম্ভার সম্বন্ধে সংক্ষেপে লেখো।

(ঙ) রবীন্দ্রনাথের লেখা ইতিহাসাশ্রয়ী উপন্যাসের পরিচয় দাও।

(চ) কিশোর কবি সুকান্ত ভট্টাচার্যর কবি-প্রতিভার পরিচয় দাও।

(ছ) বাদল সরকার রচিত অ্যাবসার্ডধর্মী নাটকগুলোর একটি পরিচয় দাও।

(জ) টীকা লেখো (যে কোনো একটি বা একজনের) :

মহাশ্বেতা দেবী; মনোজ মিত্র; 'ছেঁড়াতার' নাটক; 'হাঁসুলী বাঁকের উপকথা'; যতীন্দ্রনাথ সেনগুপ্ত; বাংলার ব্রত।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) : ১০×২=২০

(ক) নজরুল ইসলামের কাব্য-প্রতিভা সম্পর্কে আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনের শেষ দশ বছরের কাব্যকৃতির পর্যালোচনা করো।

(গ) বাংলা সাহিত্যে 'তিন বন্দ্যোপাধ্যায়' কাদের বলা হয়? যে কোনো একজনের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও।

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটক রচনায় কৃতিত্বের পরিমাপ করো।

(ঙ) বাংলা গদ্যে প্রমথ চৌধুরী বা বিবেকানন্দের অবদান সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।

★★★